শিউলি ফুল,   শিউলি ফুল,   কেমন ভুল,   এমন ভুল ॥
রাতের বায়   কোন্ মায়ায়   আনিল হায়   বনছায়ায়,
ভোরবেলায়   বারে বারেই   ফিরিবারে   হলি ব্যাকুল ॥
কেন রে তুই উন্মনা !   নয়নে তোর হিমকণা ।
কোন্ ভাষায়   চাস বিদায়,   গন্ধ তোর   কী জানায়—
সঙ্গে হায়   পলে পলেই   দলে দলে   যায় বকুল ॥

---

Parjaay: Prakriti / Sharat, Taal: Dadra, Raag: Pilu
Visit www.geetabitan.com for notation and other detail